# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 27-08-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, একবিংশ শতাব্দীতে ক্রীড়া ক্ষেত্রে আধুনিক পরিকাঠামো গড়ে তুলতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

২) এরাজ্যের যুবকদের আর কাজের খোঁজে ভিন্‌রাজ্যে বা বিদেশে ছুটতে হবে না বলে মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নিউটাউনে আজ এলঅ্যান্ডটি মাইন্ডট্রির (LTM) নতুন আইটি ক্যাম্পাস 'আনন্দ নিকেতন'-এরও উদ্বোধন করেন তিনি।

৩) মুখ্যমন্ত্রী বলেছেন, রাজ্য সরকার দুর্নীতির সঙ্গে কোনরকম আপোষ করবে না।

৪) কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি প্রণব কুমার চট্টোপাধ্যায়ের পৌরোহিত্যে যাদবপুরের ঘটনা নিয়ে তদন্ত কমিশনের প্রথম বৈঠক আজ অনুষ্ঠিত হয়েছে।

৫) নেপালে প্রাকৃতিক বিপর্যয়ে নিখোঁজদের মধ্যে এ-রাজ্যের ৩২ জন রয়েছেন বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারি ।

৬) রাজ্য সরকার পঞ্চায়েত স্তরে বৃহৎ প্রশাসনিক সংস্কারের লক্ষ্যমাত্রা গ্রহণ করেছে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, একবিংশ শতাব্দীতে ক্রীড়া ক্ষেত্রে আধুনিক পরিকাঠামো গড়ে তুলতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। দক্ষ প্রতিভাদের কাছে খেলাধুলার প্রতিটি স্তরে নিরন্তর সহায়তা পৌঁছে দিতে সারা দেশে ক্রীড়া বিশ্ববিদ্যালয় থেকে আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা সহ নানা উদ্যোগ নেওয়া হচ্ছে। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে 'খেলো ইন্ডিয়া ডায়লগ'-এ প্রধানমন্ত্রী বলেন, শুধুমাত্র পদক জেতাই নয়, উন্নত ভারতের লক্ষ্যে দেশের যুবসমাজের ক্রীড়া দক্ষতা একজোট করার অন্যতম ক্ষেত্র হল- খেলাধুলা।

( বাইট- মোদী )

সারা দেশের সঙ্গে এরাজ্যের ৪৬-টি স্থানে 'মাই ভারত-পশ্চিমবঙ্গ', 'ন্যাশনাল সার্ভিস স্কিম'-NSS, এবং 'স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া কলকাতা'র সঙ্গে যৌথভাবে এই কর্মসূচীর অধিনে খেলকিবাত পি এম কে সাথ-এর আয়োজন করা হয়।

দক্ষিণ শহরতলীর বেহালার সরশুনা কলেজে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী ইন্দ্রনীল খাঁ এবং 'মাই ভারত'-এর আধিকারিকরা।

উল্লেখ্য, আগামী ২৯শে আগস্ট হকির জাদুকর মেজর ধ্যানচাঁদের জন্মদিনটি 'জাতীয় ক্রীড়া দিবস' হিসেবে পালন করা হবে।

<u>oooooooooooooooooooo</u>

এই রাজ্যের যুবকদের আর কাজের খোঁজে ভিন্‌রাজ্যে বা বিদেশে ছুটতে হবে না বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছে। তিনি বলেন, যাঁরা বাইরে চলে গিয়েছেন, তাঁরাও এবার নিজের রাজ্যেই পর্যাপ্ত কাজের সুযোগ পাবেন। নিউটাউনে আজ এলঅ্যান্ডটি মাইন্ডট্রির (LTM) নতুন আইটি ক্যাম্পাস 'আনন্দ নিকেতন' উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, এই প্রকল্প শুধু একটি তথ্যপ্রযুক্তি কেন্দ্র নয়, বাংলার মেধাকে নিজের রাজ্যে ফিরিয়ে আনার একটি বড় পদক্ষেপ।

(বাইট – মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী জানান, শিল্পবান্ধব পরিবেশ গড়ে তুলতে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। কেন্দ্র ও রাজ্যের সমন্বয়ে গঠিত 'ডাবল ইঞ্জিন সরকার'-এর লক্ষ্য পশ্চিমবঙ্গকে নতুন করে শিল্প ও কর্মসংস্থানের মানচিত্রে প্রতিষ্ঠা করা।

উদ্বোধনী অনুষ্ঠানে এলঅ্যান্ডটি গ্রুপের চেয়ারম্যান এস. এন. সুব্রহ্মণ্যন বলেন, শিক্ষা, সৃজনশীলতা ও মুক্তচিন্তার যে ঐতিহ্য বাংলা বহন করে, সেই আদর্শকেই সামনে রেখে এই ক্যাম্পাস গড়ে তোলা হয়েছে।

উল্লেখ্য, নিউটাউনের 'সিলিকন ভ্যালি হাব'-এ গড়ে ওঠা প্রায় ৭ লক্ষ ৪৮ হাজার বর্গফুট আয়তনের এই ক্যাম্পাসে প্রথম পর্যায়ে ৫,৮০০ জন ইঞ্জিনিয়ার ও প্রযুক্তি পেশাদারের কাজের সুযোগ তৈরি হবে বলে জানিয়েছে সংস্থা।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০</u>

রাজ্য সরকার দুর্নীতির সঙ্গে কোনরকম আপোষ করবে না বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। আজ কলকাতা পুলিশের সদর দফতর লালবাজারে এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, সরকার দুর্নীতি দমন বাহিনী ACB-কে আরও শক্তিশালী করেছে। ইতমধ্যেই ঘুষ নিতে গিয়ে বেশ কয়েকজন ACB-র কাছে হাতেনাতে ধরা পড়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

নারী সুরক্ষায় পুলিশকে আরও কড়া পদক্ষেপ গ্রহণের জন্য মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন। পাশাপাশি কলকাতা পুলিশের পেশাদারিত্বের এদিন প্রশংসা করেন শুভেন্দুবাবু।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০</u>

চিনি নিয়ে কালোবাজারি রুখতে রাজ্য সরকার একটি টোল ফ্রি হেল্পলাইন নম্বর চালু করেছে। খোলা বাজারে চিনির দাম নিয়ন্ত্রণে রাখতে টাস্ক ফোর্স এবং এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকরা বাজারে নজরদারি চালাচ্ছেন। পাশাপাশি চিনি নিয়ে কোথাও মজুতদারি বা অসাধু কার্যকলাপ দেখলে সাধারণ মানুষকে ১৮০০-৩৪৫-৫৫০১ এই নম্বরে ফোন করে তার বিস্তারিত তথ্য জানানোর জন্য আবেদন জানানো হয়েছে।

**oooooooooooooooooooo**

যাদবপুরের ঘটনা নিয়ে তদন্ত কমিশনের প্রথম বৈঠক আজ অনুষ্ঠিত হয়। কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি প্রণব কুমার চট্টোপাধ্যায়ের পৌরহিত্যে বিশ্ববিদ্যালয়ের সল্টলেক ক্যাম্পাসে এই বৈঠকটি হয়েছে। তিনি জানান, যেসব অভিযোগ জমা পড়বে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যেসব নথি জমা দেবে তা সবিস্তারে খতিয়ে দেখা হবে। কমিশন তাদের কাজ দ্রুত শেষ করে রিপোর্ট জমা দেবে বলে তিনি জানিয়েছেন। বৈঠকে ছিলেন প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সৌমেন্দু চট্টোপাধ্যায় এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাইক্রো অ্যানালিস্ট সুমন্ত জানা।

উল্লেখ্য, গত বুধবার রাত ৮টা নাগাদ ইঞ্জিনিয়ারিং বিভাগে পড়ুয়াদের সাধারণ সভাকে কেন্দ্র করে গোলমাল শুরু হয় এবিভিপি ও বাম ছাত্র সংগঠনের সদস্যদের মধ্যে। ওই ঘটনায় সিসি ক্যামেরার ফুটেজও হাতে নিয়েছে পুলিশ। সব অভিযোগ খতিয়ে দেখার জন্য বিশ্ববিদ্যালয়ের তরফে আলাদা ভাবে তদন্ত কমিশন গঠন করা হয়েছে । নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য শুভশঙ্কর সরকারকে দায়িত্ব দেওয়া হলেও তিনি তা নিতে অস্বীকার করেন।

ooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক অশান্তির ঘটনায় কলকাতা হাইকোর্টের হস্তক্ষেপ চেয়ে ফের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি অতরুপ বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তীর বেঞ্চ জানিয়েছে আগামী সপ্তাহে তিনি এই আবেদনের শুনানি করবেন।

ooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, *রবিবার৩০ শে আগস্ট* , আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

ooooooooooooooooooo

নেপালে প্রাকৃতিক বিপর্যয়ে নিখোঁজদের মধ্যে এরাজ্যের ৩২ জন রয়েছেন বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারি জানিয়েছেন। তাদের নাম – ঠিকানাও প্রকাশ করেছে প্রশাসন। নিখোঁজদের মধ্যে বেশিরভাগই কলকাতা ও চন্দননগরের বাসিন্দা বলে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের কাছে জানিয়েছেন। একটি ভ্রমণ সংস্থার সঙ্গে তারা নেপালে গিয়েছিলেন। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, সরকার নিখোঁজদের ব্যাপারে জানার চেষ্টা করছে।

নবান্নে বুধবার রাত থেকে খোলা হয়েছে কন্ট্রোল রুম। পাশাপাশি দুটি হেল্পলাইন নম্বরও চালু করা হয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এগুলি হলঃ- **০৩৩-২৪৭৯-৩৩১১** এবং **৯১৪-৭৮৯০-১৮১ ।** ভবানীভবনে পৃথক পুলিশ কন্ট্রোল রুম চালু করা হয়েছে।

এদিকে, বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সোয়াল আজ এক বিবৃতিতে জানিয়েছেন, নেপালে আটকে রয়েছেন, তামিলনাড়ুর ৩৭, পশ্চিমবঙ্গের ৩২, কেরলের ৩৩ জন বাসিন্দা।

(বাইট – রণধীর জয়সোয়াল)

এদিকে, নেপালে গিয়ে নিখোঁজদের মধ্যে প্রয়াত প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী মুকুল রায়ের পুত্রবধূ শর্মিষ্ঠাও রয়েছেন বলে সূত্রের খবর।

**<u>০০০০০০০০০০০০০০০০০০০০</u>**

রাজ্য সরকার পঞ্চায়েত স্তরে বৃহৎ প্রশাসনিক সংস্কারের লক্ষ্যমাত্রা গ্রহণ করেছে। শুধু পঞ্চায়েতের আসন পুনর্বিন্যাসই নয়, গ্রাম পঞ্চায়েত এবং ব্লকের সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধির পরিকল্পনা করা হয়েছে। আকাশবাণীকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী দিলীপ ঘোষ জানালেন –

(বাইট – দিলীপ ঘোষ)

পঞ্চায়েত প্রধানদের আর্থিক ক্ষমতা কমিয়ে দুর্নীতি নিয়ন্ত্রণ এবং নির্বাচনী হিংসা কমানোরও উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, রাজ্য দীর্ঘদিন ধরেই পঞ্চায়েত ও ব্লকের সংখ্যা অপরিবর্তিত রয়েছে।

এদিকে, জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় প্রশাসনিকস্তরে নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। তাই, রাজ্যে বর্তমানে প্রায় সাড়ে তিন হাজার গ্রাম পঞ্চায়েতের সংখ্যা বাড়িয়ে সাড়ে চার হাজার করার প্রস্তাব রাখা হয়েছে। একইভাবে ব্লকের সংখ্যাও ৪-শো থেকে বাড়িয়ে সাড়ে ৪-শো করার প্রস্তাব রয়েছে।

**oooooooooooooooooooo**

টেরিটোরিয়াল আর্মির বিভিন্ন কাজকর্ম এবং সাফল্য মানুষের কাছে তুলে ধরতে কলকাতায় আজ থেকে বিশেষ সিম্পোজিয়াম শুরু হয়েছে। ধনধান্য প্রেক্ষাগৃহে **টেরিটোরিয়াল আর্মি টু পয়েন্ট জিরো সিম্পোজিয়াম** চলবে আগামীকাল পর্যন্ত। টেরিটোরিয়াল আর্মির অতিরিক্ত মহানির্দেশক মেজর জেনারেল **সুজিত শিবাজী পাতিল** জানিয়েছেন, বাহিনীর ক্ষমতা ও কাজের সাফল্য এবং ভবিষ্যৎ নিয়ে মানুষকে জানাতেই এই সিম্পোজিয়ামের আয়োজন।

অনুষ্ঠানে ভারতীয় সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের মুখ্য কার্যালয়ের চিফ অফ স্টাফ লেফটেন্যান্ট জেনারেল গম্ভীর সিং জানান, টেরিটোরিয়াল আর্মির এই সিম্পোজিয়াম সময়ের সঙ্গে অত্যন্ত প্রাসঙ্গিক।

**ooooooooooooooooooo**

দক্ষিণ বাংলাদেশ ও সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর একটি ঘূর্ণাবর্ত রয়েছে।, শনিবারের মধ্যে সেটি নিম্নচাপ এলাকায় পরিণত হতে পারে। এদিকে পূর্ব মেদিনীপুর জেলার ওপর দিয়ে বিস্তৃত হয়েছে সক্রিয় মৌসুমী অক্ষরেখা। এর প্রভাবে শনিবার থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। এদিকে উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় আগামী ২৪ ঘন্টায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

**<u>oooooooooooooooooooo</u>**

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল ২-০ গোলে খিদিরপুর ক্লাব কে হারিয়ে দিয়েছে। বিরতিতে বিজয়ী দল ১-০ গোলে এগিয়ে ছিল। ইস্টবেঙ্গলের পক্ষে আকাশ হেমব্রম ও মহম্মদ বিলাল গোল করেছেন। ইস্টবেঙ্গল ৮ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে গ্রুপ এ দ্বিতীয় স্থানে রয়েছে। শীর্ষে থাকা ভবানীপুরের ১০ ম্যাচে পয়েন্ট ২৪ ।

**<u>oooooooooooooooooooo</u>**

**<u>oooooooooooooooooooo</u>**

**<u>oooooooooooooooooooo</u>**